কালের কণ্ঠ

তারিখ ... 30 JUN 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

# তৃতীয় গ্রেড পেলেন শিক্ষা ক্যাডারের ১০৪ অধ্যাপক

নিজস্ব প্রতিবেদক ▷

শিক্ষা ক্যাডারের ১০৪ জন অধ্যাপককে অষ্টম বেতন কাঠামো অনুযায়ী তৃতীয় গ্রেডে 'সিলেকশন গ্রেড' দিয়েছে সরকার। শিক্ষকদের দীর্ঘ আন্দোলনের পর নতুন বেতন কাঠামোতে এই প্রথম ক্যাডারভুক্ত অধ্যাপকদের ৫৬,৫০০-৭৪,৪০০ টাকা স্কেলে তৃতীয় গ্রেড দেওয়া হলো।

গতকাল বুধবার প্রকাশিত শিক্ষা মন্ত্রণালয়ের এক আদেশে বলা হয়, গত ২৬ জুন সুপিরিয়র সিলেকশন বোর্ডের (এসএসবি) সভায় এ-সংক্রান্ত প্রস্তাব সুপারিশ করা হয়। পরে ২৮ জুন প্রধানমন্ত্রী শেখ হাসিনা তা অনুমোদন করেন। সেই অনুমোদনের ভিত্তিতেই ২০১৪ সালের ১ জুলাই থেকে ২০১৫ সালের ১ মার্চ পর্যন্ত বিভিন্ন তারিখে সিলেকশন গ্রেড পেলেন এই ১০৪ অধ্যাপক।

এ ব্যাপারে বিসিএস সাধারণ শিক্ষা সমিতির নেতা আ ই কে সেলিম উল্লাহ খোন্দকার দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি বলেন, 'সিলেকশন গ্রেডের প্রাপ্যতা ছিল ১৪৬ জনের, সেখানে ১০৪ জনের হলো বিষয়টি আমাদের কাছে স্পষ্ট নয়। এ নিয়ে আমরা শিক্ষাসচিবের সঙ্গে কথা বলব। তবে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে আমাদের জানানো হয়েছে পর্যায়ক্রমে বাকিদেরও সিলেকশন গ্রেড দেওয়া হবে।